

মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নম্বরঃ ৩৯৬

পর্ব-৩: পাক-পবিত্রতা (كتاب الطهارة)

পরিচ্ছেদঃ ৪. প্রথম অনুচ্ছেদ - উযূর নিয়ম-কানুন

بَابُ سُنَنِ الْوُضُوءِ

আরবী

وَعَنْ عَبْدِ اللَّهِ بْنِ زَيْدٍ: أَنَّ النَّبِيَّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ تَوَضَّأَ مَرَّتَيْنِ مَرَّتَيْنِ. رَوَاهُ
الْبُخَارِيُّ

বাংলা

৩৯৬-[৬] আবদুল্লাহ ইবনু যায়দ (রাঃ)হতে বর্ণিত। তিনি বলেন, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম উযূ (ওযু/ওজু/অজু)-র অঙ্গগুলোকে দু'বার করে ধুইলেন। (বুখারী)[1]

ফুটনোট

[1] সহীহ : বুখারী ১৫৮।

ব্যাখ্যা

ব্যাখ্যা: (قوله) (تَوَضَّأَ مَرَّتَيْنِ مَرَّتَيْنِ) অর্থাৎ- উযূর প্রত্যেক অঙ্গসমূহ দু'বার করে ধৌত করা। বৈধতা বর্ণনা করার জন্য। বুখারীতে উযূর অধ্যায়ে বর্ণনা আছে দু'বার দু'বার করে। কেননা বুখারীতে দু'বার ধৌত করার কথা নেই শুধু দু'হাত কনুইসহ ধৌত করার কথা, নাসায়ী সুফইয়ান ইবনু 'উয়াইনাহ্-এর দিক থেকে। (أَنَّ النَّبِيَّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ تَوَضَّأَ) (مَرَّتَيْنِ مَرَّتَيْنِ) নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম উযূ (ওযু/ওজু/অজু) করলেন দু'বার দু'বার।

হাদিসের মান: সহীহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=54955>

হাদিসবিডিৰ প্ৰজেক্টে অনুদান দিন